



পাঁচ বছরের সাফল্য চিত্র ২০০৯ - ২০১৩

সমাজকল্যাণ মন্ত্রণালয় www.msw.gov.bd



সমাজকল্যাণ মন্ত্রণালয়

পাঁচ বছরের (২০০৯ হতে ২০১৩) সাফল্য চিত্র

সমাজকল্যাণ মন্ত্রণালয়

ভবন-৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ফোন: ৯৫৪০৪৫২, ফ্যাক্স: ৯৫৭৬৬৮৫

www.msw.gov.bd

প্রকাশনা

সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

কম্পোজ

এ কে ব্রোহী মিয়া, নিলুফা আক্তার
সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সম্পাদনা

মোঃ হোসেন মোল্লা, যুগ্মসচিব (প্রশাসন-১)
এম এম সুলতান মাহমুদ, যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা)
নুরুল কবির সিদ্দিকী, যুগ্মসচিব (কার্যক্রম)
কাজী মোঃ আনোয়ারুল হাকিম, উপসচিব (প্রশাসন-২)
মোঃ রেজাউল করিম, উপসচিব (বাজেট, আইসিটি ও প্রশাসন-৪ অধিশাখা)
মোহাম্মদ রফিকুল আলম, সিনিয়র সহকারী সচিব ও সচিবের একান্ত সচিব
নুসরাত আইরিন, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩)
মোঃ সাজ্জাদুল ইসলাম, সমাজসেবা অফিসার (সংযুক্ত)

ফটোগ্রাফি

মোঃ আক্তারুজ্জামান
ক্যামেরাম্যান (স্টিল), সমাজসেবা অধিদফতর

প্রচ্ছদ ও ডিজাইন

মোঃ সাজ্জাদুল ইসলাম, সমাজসেবা অফিসার (সংযুক্ত)
সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রকাশকাল

পৌষ ১৪২১, ডিসেম্বর ২০১৪

বিস্তারিত তথ্যে জন্য যোগাযোগ

সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন: ৯৫৪০৪৫২, ফ্যাক্স: ৯৫৭৬৬৮৫
www.msw.gov.bd



বাণী

সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে বর্তমান সরকারের বিগত ৫ বছরের (২০০৯-২০১৩) অর্জন সম্পর্কিত প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। সমাজকল্যাণ মন্ত্রণালয় তার নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের মাধ্যমে দেশের দরিদ্র, অনগ্রসর ও শারীরিক-মানসিকভাবে অসমর্থ, অবহেলিত জনগোষ্ঠীকে দেশব্যাপী প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত যে সেবা প্রদান করে আসছে এ প্রতিবেদনে তার সার্বিক চিত্র ফুটে উঠবে বলে আমার বিশ্বাস।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মসূচিসমূহের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি, পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, এসিড দন্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম, বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা ও দুঃস্থ ব্যক্তিদের আর্থিক সহায়তা, বেসরকারি এতিমখানার শিশুদের জন্ম ক্যাপিটেশন গ্রান্ট, বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়ে সহায়তা ইত্যাদি। এছাড়াও অটিস্টিক শিশু, ভিক্ষুক পুনর্বাসন, হিজড়া, দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্যও কর্মসূচি গ্রহণ করা হয়েছে। চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন ও খাদ্য সহায়তা প্রদান করে তাদেরকে স্বাভাবিক জীবন পরিচালনার লক্ষ্যে কর্মসূচি চালু করা হয়েছে। ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

সমাজকল্যাণ মন্ত্রণালয় বেসরকারি প্রচেষ্টায় আর্থ-সামাজিক খাতে গৃহীত প্রকল্পে সীমিত সরকারি সাহায্যের আওতায় বিশেষায়িত হাসপাতালসমূহে অর্থ সাহায্য দিয়ে আসছে। ইব্রাহিম ডায়াবেটিক হাসপাতালের ভবন নির্মাণ, হার্ট ফাউন্ডেশনের উন্নয়ন, ঢাকা কমিউনিটি হাসপাতালে অর্থায়ন, আহসানিয়া ক্যান্সার হাসপাতালের উন্নয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয় অগ্রণী ভূমিকা পালন করেছে। এ মন্ত্রণালয়ের উদ্যোগেই ২৫০ শয্যার শেখ ফজিলাতুলেছা মুজিব মেমোরিয়াল বিশেষায়িত হাসপাতাল অ্যান্ড নার্সিং কলেজ এর নির্মাণ করা হয়েছে।

সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত কর্মসূচি জাতীয় পর্যায়ে দারিদ্র্য দূরীকরণ, শিক্ষা উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ মন্ত্রণালয়ের কার্যক্রমের সফলতা, সীমাবদ্ধতা ও ব্যর্থতা সম্পর্কে সকলে যাতে সম্যক ধারণা পেতে পারেন সে লক্ষ্যকে সামনে রেখেই এ প্রকাশনায় উদ্যোগ নেয়া হয়েছে। আমি আশা করি আগামীতেও এ ধরনের প্রতিবেদন নিয়মিত প্রকাশিত হবে।

আমি এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(সৈয়দ মহসিন আলী এমপি)
মন্ত্রী

সমাজকল্যাণ মন্ত্রণালয়।







বাণী

সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে বিগত ৫ বছর (২০০৯-২০১৩ পর্যন্ত) বর্তমান সরকারের অর্জন সম্পর্কিত সাফল্যের প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

সমাজের দরিদ্র, অধিকার বঞ্চিত ও শারীরিক-মানসিকভাবে অসমর্থ জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় এনে উন্নয়ন অগ্রযাত্রায় সহগামী করার কাজটি সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্টের মাধ্যমে করে যাচ্ছে। এই সংস্থাসমূহের মাধ্যমে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি, পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, এসিড দন্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম, বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা ও দুঃস্থ ব্যক্তিদের আর্থিক সহায়তা, এতিমদের জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়াও সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে প্রথমবারের মত সমতল ভূমির ২০ (বিশ) লক্ষ আদিবাসী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে ২ (দুই) কোটি টাকা বিশেষ অনুদান হিসেবে বরাদ্দ প্রদান করা হয়েছে। আমি বিশ্বাস করি এসব কর্মসূচি জাতীয় পর্যায়ে Vision 2021 অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সরকারের অর্জন সম্পর্কিত সাফল্য প্রতিবেদনের এ প্রকাশনা সমাজকল্যাণে সরকারের লক্ষ্য অর্জনে আমাদের সকলকে আরো প্রত্যয়ী করবে বলে আমি আশা করি।

প্রমোদ মানকিন

(প্রমোদ মানকিন এমপি)

প্রতিমন্ত্রী

সমাজকল্যাণ মন্ত্রণালয়।





এতিম শিশুর বিয়েতে মাননীয় মন্ত্রীর আশির্বাদ



প্রসঙ্গ কথা

সমাজকল্যাণ মন্ত্রণালয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সমাজের অবহেলিত, অতি দরিদ্র, প্রতিবন্ধী, বিধবা ও স্বামী পরিত্যক্তা, অসহায় বৃদ্ধা, এতিম শিশু, হিজড়া, বেদে, দলিত, চা-বাগান শ্রমিকসহ ছিন্নমূল ব্যক্তিদের সমাজের মূল স্রোতধারায় নিয়ে আসার জন্য পুনর্বাসনসহ জীবনমান উন্নয়নের জন্য বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন ও পরিচালনা করে আসছে। সামাজিক নিরাপত্তা বলয়ের এসব কাজ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, জাতীয় সমাজকল্যাণ পরিষদ, শেখ জায়েদ বিন সুলতান-আল-নাহিয়ান ট্রাস্ট ও মৈত্রী শিল্পের মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। সমাজকল্যাণ মন্ত্রণালয় ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা- ২০২১ এবং সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী 'হতদরিদ্রের জন্য সামাজিক নিরাপত্তা বেটনী' বিস্তৃত করেছে। বয়স্ক ভাতা, দুস্থ মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ক্ষেত্রে সুবিধাভোগীদের সংখ্যা ও বাজেট উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩' ও 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন ২০১৩' প্রণয়ন করেছে। প্রতিবন্ধী মানুষের শিক্ষা, কর্মসংস্থান, চলাফেরা, যোগাযোগ সহজ, করা এবং তাদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার জন্য বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে। শিশুদের অধিকার প্রতিষ্ঠাকল্পে 'শিশু আইন ২০১৩' প্রণয়ন করেছে। জাতিসংঘ সনদ অনুযায়ী শিশু অধিকার সংরক্ষণ ও বাস্তবায়ন, পথশিশুদের পুনর্বাসন ও নিরাপদ আবাসনের ব্যবস্থার উদ্যোগ নিয়েছে। এছাড়া দারিদ্র্য নির্মূল না হওয়া পর্যন্ত অতি দরিদ্রদের জন্য টেকসই সামাজিক নিরাপত্তা বেটনী গড়ে তোলা'র জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

বর্তমান সরকারের বিগত ৫ বছরের (২০০৯-২০১৩ পর্যন্ত) অর্জন সম্পর্কিত সাফল্যের বিস্তারিত বিবরণ এ প্রতিবেদনে রয়েছে। আর্তমানবতার সেবায় ও জাতীয় উন্নয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রম সম্মুখে জনগণকে সম্যক ধারণা প্রদানই এ প্রতিবেদনের মূল উদ্দেশ্য। আমি বিশ্বাস করি নিয়ন্ত্রণাধীন দপ্তর ও সহযোগী জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহকে নিয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বৃহত্তর পরিবার দেশের জনগণের কল্যাণ ও উন্নয়ন কার্যক্রমকে তাদের কর্মপ্রেরণার উৎস হিসেবে গ্রহণ করবে এবং এ ধরনের প্রকাশনা অব্যাহত রাখবে।

এ প্রতিবেদন প্রণয়নে আমার সকল সহকর্মী যারা তথ্য প্রদান করে এ প্রকাশনায় সহযোগিতা করেছেন, তাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ।

(নাছিমা বেগম এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

